

উপজেলা আশ্রয়ণ বিষয়ক টাঙ্কফোর্স কমিটির সভার কার্যবিবরণীঃ

|            |   |  |
|------------|---|--|
| সভাপতি     | : | জনাব এস.এম সাদিক তানভীর, উপজেলা নির্বাহী অফিসার, তালতলী, বরগুনা। |
| সময়       | : | বেলা ১২:৩০ ঘটিকা।  |
| সভার তারিখ | : | ২৯.১২.২০২২ খ্রি.।  |
| স্থান      | : | উপজেলা পরিষদের “পায়রা” সম্মেলন কক্ষ।                            |

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা- “পরিশিষ্ট-ক”

সভার প্রারম্ভে উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। তালতলী উপজেলায় মুজিব শতবর্ষ উপলক্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের গৃহ প্রদানের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ণ প্রকল্প-২ এর আওতায় এ উপজেলায় ৩য় পর্যায়ের চলমান গৃহ নির্মাণ কার্যক্রম এবং ৪র্থ পর্যায়ে প্রাপ্ত নতুন বরাদ্দ গৃহহীন ও ভূমিহীন যাচাই-বাছাই ও খোঁটারচরে গৃহ নির্মাণ কার্যক্রম সংক্রান্ত বিষয়াদি সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রমিক | আলোচনা   | সিদ্ধান্ত   | বাস্তবায়নে   |
|--------|--|---|---------------|
| ০১     | (১.১) ‘ক’ শ্রেণি পরিবারের পুনর্বাসনের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়, আশ্রয়ণ-২ প্রকল্প কর্তৃক ৪র্থ পর্যায়ে এ উপজেলায় ৭৫টি গৃহ বরাদ্দ পাওয়া যায়।  | (১.১) ১৭২ জন প্রকৃত ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের জন্য চাহিদা প্রেরণ করা হলে ৭৫ জন ভূমিহীন ও গৃহহীনের জন্য গৃহ বরাদ্দ পাওয়া যায়।<br><br>(১.২) ৪র্থ পর্যায়ে উপকারভোগী পুনর্বাসনের জন্য শারিকখালী ইউনিয়নের কচুপাত্রা বাজার সংলগ্ন কচুপাত্রা মৌজায় জমি নির্বাচন করা হয় যেখানে ৩০জন উপকারভোগী পুনর্বাসন করার সিদ্ধান্ত গৃহীত হয়। নির্বাচিত স্থানটি নিচু হওয়ায় মাটি ভরাট করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রয়োজনে বালু ভরাট করার দরকার হলে বালু ভরাট করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(১.৩) উক্ত ৩০জন উপকারভোগীদের মধ্যে কেউ আশ্রয়ণের উক্ত নির্বাচিত স্থানে যেতে রাজি কি না তা যাচাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। আর যদি কেহ আশ্রয়ণে যেতে না চায় প্রত্যয়ন সাপেক্ষে তাকে উক্ত তালিকা থেকে বাদ দেয়া হবে এবং পরবর্তীতে কোন নতুন ভূমিহীন ও গৃহহীন পরিবার চিহ্নিত করা গেলে সেই পরিবারকে স্থলাভিষিক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২     | (২.১) প্রধানমন্ত্রীর কার্যালয়, আশ্রয়ণ-২ প্রকল্প হতে এ উপজেলায় ‘ক’ শ্রেণি পরিবারের পুনর্বাসনের জন্য খোঁটারচর খাসজমিতে ৪র্থ পর্যায়ের একক গৃহ নির্মাণের মাটি ভরাটের জন্য ৯৭.৯৮৩ মেঃ টন খাদ্যশস্য (গম) বরাদ্দ পাওয়া যায়। | (২.১) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ অনুযায়ী ০৮ এর ছ ধারা ০৭নং অনুচ্ছেদে বলা আছে একই ইউনিয়নাধীন কোন একটি প্রকল্পের ক্ষেত্রে খাদ্যশস্যের বরাদ্দের পরিমাণ ৫০ মেঃ টনের বেশি হতে সেই প্রকল্পের জন্য সংশ্লিষ্ট জেলা কর্তৃক কমিটির অনুমোদনক্রমে একাধিক প্রকল্প বাস্তবায়ন কমিটি করা যাবে।<br><br>এমতাবস্থায়, ‘ক’ শ্রেণির ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তালতলী, বরগুনা’কে ছোট নিশানবাড়িয়া মৌজার খোঁটারচর প্রকল্প স্থানে বরাদ্দকৃত খাদ্যশস্য ৯৭.৯৮৩ মেঃ টন গমের ০২(দুই) টি পিআইসি কমিটি গঠনপূর্বক প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।   | সংশ্লিষ্ট সকল |

| ক্রমিক | আলোচনা   | সিদ্ধান্ত   | বাস্তবায়ন |
|--------|--|---|------------|
| ০৩     | (৩.১) পূর্বের আশ্রয়ণের সকল উপকারভোগী বিদ্যুৎ ও পানি সংযোগ নিশ্চিত করার বিষয়ে ব্যাপক আলোচনা করা হয়।  | (৩.১) যে সকল আশ্রয়ণে বিদ্যুৎ সংযোগ ও পানির ব্যবস্থা নেই সেই তালিকা গ্রহণপূর্বক বিনামূল্যে মিটার সংযোগের জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ, কলাপাড়া জোন এবং পানির টিউবওয়েলের জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, তালতলী, বরগুনা বরাবরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।   |            |
| ০৪     | (৪.১) উপজেলা পরিষদের পুকুর সংলগ্ন পরিত্যক্ত হেলিপ্যাডটি অপসারণ করে সেখানে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী 'এক খন্ড জমিকেও অনাবাদী রাখা যাবে না' সে অনুযায়ী স্থানটিতে চাষাবাদের উপর্যুক্ত করে ক্ষুদ্র আকারে কৃষি ফলন করার বিষয়ে আলোচনা হয়। | (৪.১) অব্যবহৃত হেলিপ্যাডটির ইটের গুণগত মান ঠিক থাকলে ইটগুলো আশ্রয়ণের ঘরের খোয়া হিসেবে ব্যবহার করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত জমিকে আবাদযোগ্য করে শাক-সবজি অথবা ফলের চারা গাছ লাগানোর সিদ্ধান্ত গৃহীত হয়।  |            |
| ০৫     | (৫.১) বিবিধ আলোচনা (উপকারভোগীদের শিশুদের শিক্ষা নিশ্চিত, স্বাস্থ্যসেবা প্রদান ও উপজেলার বিভিন্ন প্রশিক্ষণে অত্তর্ভুক্ত করা ইত্যাদি)  | (৫.১) উপজেলার সকল প্রশিক্ষণে আশ্রয়ণের উপকারভোগীদের অগ্রাধিকার প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(৫.২) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তালতলী, বরগুনাকে এ উপজেলা নির্মিত আশ্রয়ণ প্রকল্পে বসবাসকৃত জনগোষ্ঠীকে স্বাস্থ্য সচেতন ও বাল্য বিবাহ প্রতিরোধ করতে ইউনিয়ন ভিত্তিক স্বাস্থ্যকর্মীর মাধ্যমে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>(৫.৩) উপকারভোগীদের নিয়ে সমবায় ও পরিবার পরিকল্পনা সকল কার্যক্রমে অংশগ্রহণ করাতে হবে এর জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।<br><br>(৫.৪) নির্মিত আশ্রয়ণের সকল শিশুর শিক্ষা নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের অনুরোধ জানানো হয়।<br><br>(৫.৫) ২য় পর্যায়ের বরাদ্দকৃত ঘরের কাজ দ্রুত শেষ করা এবং ব্যয় ভাউচারের ২কপি উপজেলা নির্বাহী অফিসার বরাবরে জমা দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং ৩য় পর্যায়ের নির্মাণাধীন ৫০টি গৃহের মধ্যে অবশিষ্ট ০৫টি গৃহ নির্মাণ কাজ সঠিকভাবে সম্পন্ন করার জন্য সকল সদস্যদের সহযোগিতা কামনা করা হয়। |            |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পর্যায়ে কর্মকর্তাবৃন্দ, উপ-সহকারী প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যানগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ/-

(এস.এম. সাদিক তানভীর)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

আশ্রয়ণ বিষয়ক উপজেলা টাঙ্কফোর্স কমিটি

তালতলী, বরগুনা।




স্মারক নং-০৫.১০.০৪৯২.০০০.২৩.০৩৫.২১- ২২৬৪

তারিখ : ২৯.১২.২০২২ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো -

- ০১। মাননীয় সংসদ সদস্য, বরগুনা-০১ (১০৯)।
- ০২। বিভাগীয় কমিশনার, বরিশাল।
- ০৩। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), আশ্রয়ন-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, বরগুনা।
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালতলী, বরগুনা।
- ০৬। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তালতলী, বরগুনা।
- ০৭। অফিসার ইনচার্জ, তালতলী থানা, বরগুনা।
- ০৭। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তালতলী, বরগুনা।
- ০৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তালতলী, বরগুনা।
- ০৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তালতলী, বরগুনা।
- ১০। উপজেলা.....কর্মকর্তা, তালতলী, বরগুনা।
- ১১। চেয়ারম্যান.....ইউপি, তালতলী, বরগুনা।
- ১২। জনাব ..... সদস্য, আশ্রয়ন বিষয়ক উপজেলা টাস্কফোর্স কমিটি, তালতলী।
- ১৩। অফিস কপি।



(আব্দুল্লাহ খায়রুল ইসলাম চৌধুরী)

সহকারী কমিশনার (ভূমি)

ও

সদস্য-সচিব

আশ্রয়ন বিষয়ক উপজেলা টাস্কফোর্স কমিটি

তালতলী, বরগুনা।